



৩ ১১ সেপ্টেম্বর ২০১৮

## ৪০তম বিসিএসের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ

স্টাফ রিপোর্টার ॥ ৪০তম বিসিএসের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেছে সরকারী কর্ম কমিশন (পিএসসি)। বিজ্ঞপ্তি অনুযায়ী বিভিন্ন ক্যাডারে এক হাজার ৯০৩টি শূন্য পদে নিয়োগের সুপারিশ করবে পিএসসি। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, চূড়ান্ত সুপারিশের সময় সরকারের সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে।

মঙ্গলবার দুপুর ১টার দিকে বিজ্ঞপ্তি পিএসসির ওয়েবসাইটে ([bpsc.gov.bd/](http://bpsc.gov.bd/)) প্রকাশ করা হয়েছে। ৪০তম বিসিএসের আবেদন গ্রহণ শুরু হবে আগামী ৩০ সেপ্টেম্বর থেকে। চলবে ১৫ নবেম্বর পর্যন্ত। সরকারী কর্ম কমিশনের চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক বলেছেন, চূড়ান্ত সুপারিশের সময় বলবত সর্বশেষ সরকারী কোটানীতিমালা অনুসরণ করা হবে। তাই নিয়ে বিভাস্তির কোন অবকাশ নেই। এই বিসিএসের মাধ্যমে প্রশাসন ক্যাডারে ২০০, পুলিশে ৭২ জনসহ সাধারণ ক্যাডারে ৪৬৫ জন এবং অন্যান্য ক্যাডার মিলিয়ে মোট এক হাজার ৯০৩ জনকে নিয়োগ দেয়া হবে। নিয়োগের সুপারিশের সময় পদ সংখ্যা আরও বাঢ়তে পারে। বিজ্ঞপ্তিতে সুনির্দিষ্টভাবে বলা হচ্ছে পরীক্ষার পর চূড়ান্ত সুপারিশের সময় সরকারের যে কোটানীতিমালা বলবত থাকবে, সেই নীতিমালাই অনুসরণ করা হবে।

এদিকে জানা গেছে, ৫৬ শতাংশ কোটা অক্ষুন্ন রেখে ৪০তম বিসিএসের বিজ্ঞপ্তি প্রকাশ করা হচ্ছে বলে কদিন ধরেই একটি বিশেষ মহল বিভিন্ন মাধ্যমে বিভাস্তির মিথ্যা তথ্য ছড়াচ্ছে। যার সঙ্গে বাস্তবতার কোন মিল নেই। মঙ্গলবার বিজ্ঞপ্তিতেই বিষয়টি পরিষ্কার করা হয়েছে। এর আগে কখনোই বিজ্ঞপ্তি প্রকাশের সময় কোটার বিষয়ে এ ধরনের কোন অবস্থান প্রকাশ করতে হয়নি কমিশনকে। এবারই প্রথম পরিষ্কার করে বলে দেয়া হয়েছে চূড়ান্ত সুপারিশের সময় দেশে যে কোটানীতিমালা কার্যকর থাকবে সেই নীতিমালাই তখন অনুসরণ করা হবে।

কমিশনের চেয়ারম্যান ড. মোহাম্মদ সাদিক আরও বলেন, বর্তমানে কমিশন একসঙ্গে একাধিক বিসিএস পরীক্ষার কার্যক্রম পরিচালনা করছে। এটি চাকরি প্রার্থীদের জন্য উৎসাহব্যঞ্জক এবং এ কারণে বিসিএস নিয়ে তরণের মধ্যে আগ্রহ বাঢ়ছে। তাছাড়া বিসিএস পরীক্ষায় স্বচ্ছতা নিশ্চিত হওয়ায় প্রার্থীরা বিসিএসের প্রস্তুতিতে অধিকতর মনোনিবেশ করছে। পাশাপাশি ২০১০ সালের বিধি মোতাবেক বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ হলে ক্যাডার পদ না পেলেও নন-ক্যাডার পদে চাকরির সুযোগ পাচ্ছে।

কোটা সংস্কার আন্দোলনকারীদের দাবি ॥ এদিকে পিএসসির বিজ্ঞপ্তি প্রকাশের আগে সকালে সংবাদ সম্মেলন করে কোটা সংস্কারের প্রজ্ঞাপন ৪০তম বিসিএসের বিজ্ঞপ্তি হওয়ার আগেই জারি করতে সরকারের প্রতি আহ্বান জানান কোটা সংস্কার আন্দোলনকারীরা। সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) কেন্দ্রীয় গ্রন্থাগারের সামনে বাংলাদেশ সাধারণ ছাত্র অধিকার সংরক্ষণ পরিষদের মেতারা এক সংবাদ সম্মেলনে এ আহ্বান জানান। তারা পাঁচ দফার আলোকে দ্রুত সময়ের মধ্যে কোটা সংস্কারের প্রজ্ঞাপন জারির দাবি করেন।

**সাবধানবাণী:** বাণিজ্যিক উদ্দেশ্যে এই সাইটের কোন উপাদান ব্যবহার করা সম্পূর্ণভাবে নিষিদ্ধ এবং কপিরাইট আইনে দণ্ডনীয় অপরাধ।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়।  
সম্পাদক কর্তৃক দ্বোব জনকন্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে দ্বোব প্রিন্টার্স লি: ও জনকন্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডি এ  
৭৯৬।

কার্যালয়: জনকন্ঠ ভবন,  
২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইন্ডিয়ান সিটি, ঢাকা।  
জিপিও বাস্ট: ৩৩৮০, ঢাকা।

ফোন: ৯৩৮ ৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন),  
ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫  
ই-মেইল: [janakanthanews@gmail.com](mailto:janakanthanews@gmail.com)  
ই-জনকন্ঠ: [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com)

Copyright © All rights reserved by [dailyjanakantha.com](http://dailyjanakantha.com)